# জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd

বিষয় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ২০২১-২০২২ অর্থবছরের প্রস্তাবিত প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আজিজুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট। |
| সভার তারিখ | : | ২০/০৬/২০২১। |
| সভার সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা। |
| স্থান | : | অনলাইন সিষ্টেম (জুম)। |
| উপস্থিতি | : | রেকর্ডেড। |

গত ২০ জুন, ২০২১ তারিখ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) এর সভাপতিত্বে অনলাইন ব্যবস্থাপনায় আগামী ২০২১-২২ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন, পার্টনারশিপ, নেটওয়ার্কিং ও এ উদ্দেশ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে একটি অংশীজনের সভা (Stakeholder Meeting) অনুষ্ঠিত হয়। সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভার প্রারম্ভেই উপস্থিত সকলের উদ্দেশ্যে সভাপতি স্বাগত বক্তব্য প্রদান করেন এবং সভার উদ্বোধন করে পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) কে সভা শুরু করার নির্দেশনা দেন।

২। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) জানান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের একমাত্র প্রশিক্ষণ ইন্সটিটিউট হচ্ছে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)। বিপিআই জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মানবসম্পদ উন্নয়নে সর্বদা বদ্ধপরিকর। এজন্য প্রতি অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার সর্বদা অংশীজনের সাথে মতবিনিময়ের মাধ্যমে প্রস্তুত করা হয়। এছাড়া, অংশীজনের অনুরোধেও সময়ে সময়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করে থাকে।

৩। সভায় উপস্থিত সকলের পরিচিতি পর্ব শেষে বিপিআই-এর ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বিপিআই এর প্রশিক্ষণ কার্যাবলি সম্বলিত একটি সংক্ষিপ্ত বিবরণী উপস্থাপন করেন। অত:পর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে আগামী ২০২১-২০২২ অর্থবছরের প্রস্তাবিত প্রশিক্ষণ ক্যালেন্ডার উপস্থাপন করা হয়। সভার সূচি অনুয়ায়ী ২০২১-২২ অর্থবছরের কোর্স ক্যালেন্ডার প্রণয়ন বিষয়ে মুক্ত আলোচনা ও মতামত আহ্বান করা হয়।

৪। আলোচনায় অংশ নিয়ে জনাব মাহমুদা বেগম, ব্যবস্থাপক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড বলেন, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড সর্বদা প্রশিক্ষণার্থী প্রেরণ করে থাকে। তবে কতক প্রশিক্ষণ বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এ না হওয়ায় এ সকল প্রশিক্ষণ রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড অপরাপর প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে গ্রহণ করে থাকে। প্রতিবেদন তৈরিকরণ এবং Power Point Presentation সংক্রান্ত বিষয়গুলো এর মধ্যে অন্যতম। তিনি প্রতিবেদন তৈরিকরণ বা Report Preparation এবং Power Point Presentation বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কে তিনি অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন করলে কর্মকর্তাদের পাশাপাশি কর্মচারীরাও বিভিন্ন বিষয়ে দক্ষ হয়ে গড়ে উঠবে।

৫। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই বলেন, Powerpoint Presentation বা Art of Presentation Skill ও Report Writing and Editing শীর্ষক প্রশিক্ষণসমূহ প্রস্তাবিত ক্যালেন্ডারে সংযুক্ত করা যেতে পারে। এছাড়াও রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড এর প্রয়োজনে অনুরোধক্রমে বিপিআই - এ প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে বলে সভাকে নিশ্চিত করা হয়।

৬। জনাব সাখাওয়াত হোসেন, সহকারী বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক অধিদপ্তর বলেন, পূর্বে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড ও বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড-এর জন্য বিস্ফোরক সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করেছিল। তিনি বর্তমান কোর্স ক্যালেন্ডারে বিস্ফোরক ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও ধ্বংস ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ অন্তর্ভুক্তির ব্যাপারে অনুরোধ জানান।

৭। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর পক্ষ হতে জানানো হয়, ইতঃপূর্বে এ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হলেও কোভিড পরিস্থিতি বিবেচনায় অনলাইনে প্রশিক্ষণের কলেবর কমানো হয়েছে। এছাড়া এ সকল প্রশিক্ষণ সরাসরি (In Person) করা জরুরি। তবুও, অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর পক্ষ থেকে এ সকল প্রশিক্ষণ পরিচালনা করা যেতে পারে মর্মে মতামত প্রকাশ করেন।

৮। জনাব মোঃ আখতার হোসেন, মহাব্যবস্থাপক, মেঘনা পেট্রোলিয়াম কোম্পানি লিমিটেড অফিস ব্যবস্থাপনা, প্রতিবেদন লিখন, তদন্ত প্রতিবেদন ইত্যাদি বিষয় প্রশিক্ষণ ক্যালেন্ডারে অন্তর্ভুক্তির অনুরোধ জানান। তিনি উল্লেখ করেন যে, এ সংক্রান্ত প্রশিক্ষণ অফিস ব্যবস্থাপনায় দক্ষ জনবল তৈরিতে বিশেষভাবে সহায়ক হবে।

৯। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর পক্ষ হতে জানানো হয়, অফিস ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ আগামী অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত রয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট অনুরোধের প্রেক্ষিতে যেকোন বিষয়ে দেশের প্রতিথযশা রিসোর্স পার্সনের মাধ্যমে প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। প্রশিক্ষণ ক্যালেন্ডারের বাইরেও যদি অপরাপর বিষয়ে প্রশিক্ষণ প্রয়োজন হয় সেক্ষেত্রে অনুরোধের প্রেক্ষিতে বিপিআই প্রশিক্ষণ আয়োজন করে থাকে মর্মে সভায় জানানো হয়।

১০। আলোচনায় অংশ নিয়ে জনাব আলী মোহাম্মদ খান, ব্যবস্থাপক (প্রশিক্ষণ), তিতাস গ্যাস কোম্পানি লিমিটেড চাকরি বিধান সংক্রান্ত প্রশিক্ষণ, ফাউন্ডেশন ট্রেনিং, সার্ভিস রুলস্ সংক্রান্ত প্রশিক্ষণ আগামী অর্থবছরের ক্যালেন্ডারে রাখার আহ্বান জানান। তিনি APA, Good Governance এবং সেবা সহজীকরণ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনেরও অনুরোধ জানান। প্রতি মাসে এ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হলে তিতাস গ্যাস কোম্পানি লিমিটেড হতে নিয়মিত প্রশিক্ষণার্থী প্রেরণ করা সম্ভব হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

১১। জনাব জাহিদ আনোয়ার, ব্যবস্থাপক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড, আইন ও তথ্য অধিকার আইন বিষয়ে একদিনের একটি কর্মশালা আয়োজনের কথা বলেন। এছাড়া তিনি কোম্পানি আইন ও শ্রম আইন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করার জন্য বিপিআইকে অনুরোধ জানান।

১২। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর পক্ষ হতে জানানো হয় নির্দিষ্ট পরিমান প্রশিক্ষণার্থী পাওয়া গেলে কোম্পানি আইন ও শ্রম আইন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন সম্ভব হবে। এ বিষয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের ভবিষ্যত পরিকল্পনা রয়েছে।

১৩। আলোচনায় অংশ নিয়ে জনাব মাহাদী হাসান, উপপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট বলেন, তেল ও গ্যাস উত্তোলনের সাথে সম্পৃক্ত কোম্পানিসমূহের কর্মকর্তা/কর্মচারীদের জন্য Oil and Gas Management এবং Data Management বিষয়ক প্রশিক্ষণ খুব গুরুত্বপূর্ণ। তিনি এ সংক্রান্ত প্রশিক্ষণগুলো ক্যালেন্ডারে অন্তর্ভুক্তির অনুরোধ জানান।

১৪। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট হতে জানানো হয় Oil and Gas Management বিষয়টি অনেক ব্যাপক। এ বিষয়ে সুনির্দিষ্ট কোনো প্রশিক্ষণের অনুরোধ কোম্পানিগুলো হতে পাওয়া গেলে বিপিআই প্রশিক্ষণ আয়োজনের চেষ্টা করবে মর্মে সভাকে অবহিত করা হয়।

১৫। জনাব মোহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ আয়োজন করার জন্য বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-কে ধন্যবাদ জানান। তিনি বিস্ফোরক ব্যবহার, রক্ষনাবেক্ষণ ও ধ্বংস ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হলে বাপেক্সকে এতে সংযুক্ত করার আহ্বান জানান। এছাড়া, তিনি পরিবেশের সাথে সম্পর্কিত Waste Management সংক্রান্ত প্রশিক্ষণের তাৎপর্য তুলে ধরেন এবং এ সংক্রান্ত প্রশিক্ষণের কোনো পরিকল্পনা আছে কি না তা জানতে চান। সবশেষে, তিনি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-কে মামলা-মোকদ্দমা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করেন।

১৬। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর পক্ষ হতে জানানো হয়, পরিবেশের সাথে সম্পর্কিত Waste Management অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আগামী অর্থবছরে প্রয়োজনীয় সংখ্যক Waste Management বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, আগামী ২০২১-২২ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার চূড়ান্ত করার সময় এ সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে সভাকে জানান। এছাড়া ডেল্টা প্ল্যান, ভিশন - ২০৪১ এবং এলডিসি উত্তরণ বিষয়ক প্রশিক্ষণগুলো বর্তমানে গুরুত্ব সহকারে প্রদান করার বিষয়ে তিনি মতামত ব্যক্ত করেন।

১৭। অত:পর সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের অনুরোধ অত্যন্ত গুরুত্বসহকারে বিবেচনা করা যেতে পারে মর্মে সবাইকে অবহিত করেন। তিনি আরও বলেন যে, অনেক সময় বিভিন্ন প্রতিষ্ঠান উল্লেখযোগ্য সংখ্যক প্রশিক্ষণার্থী প্রেরণ করার বিষয়ে আন্তরিক থাকেন না বিধায় প্রশিক্ষণ পরিচালনা করা ব্যয়বহুল হয়ে পড়ে। তাই তিনি সকল প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে প্রশিক্ষণার্থী প্রেরণ ও প্রশিক্ষণ গ্রহণ করার বিষয়ে আহ্বান জানান। সভাপতি সকল অংশীজনকে পর্যাপ্ত সংখ্যক উপযুক্ত প্রশিক্ষণ প্রদান করে জ্বালানি খাতে দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য নির্দেশনা দেন।

১৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আজিজুল ইসলাম)
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
ফোন: ৮৯৩৩৩৩৪

নং-২৮.০৪.০০০০.০০৪.২৪.০০৭.১৮-৫৭৪

তারিখ : ২২ জুন, ২০২১
০৮ আষাঢ়, ১৪২৮

২০/০৬/২০২১ তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় অনুষ্ঠিত ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন বিষয়ে অংশীজনের সঙ্গে মত বিনিময় সভায় উপস্থিতির তালিকা:

| ক্রমিক নং | নাম ও পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক | বাপেক্স |
| ২। | জনাব মোঃ আবুল কাসেম প্রধানীয়া, মহাব্যবস্থাপক | পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড |
| ৩। | জনাব মোঃ আখতার হোসেন, মহাব্যবস্থাপক | মেঘনা পেট্রোলিয়াম কোম্পানি লিমিটেড |
| ৪। | জনাব কাজী মাহবুবুল আলম, উপমহাব্যবস্থাপক | বাপেক্স |
| ৫। | জনাব জাহিদ আনোয়ার, ব্যবস্থাপক | বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড |
| ৬। | জনাব মো: ফরিদুল হুদা, ব্যবস্থাপক | সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড (এসজিএফএল) |
| ৭। | জনাব মাহমুদা বেগম, ব্যবস্থাপক | রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড |
| ৮। | জনাব আলী মোহাম্মদ খান, ব্যবস্থাপক (প্রশিক্ষণ) | তিতাস গ্যাস কোম্পানি লিমিটেড |
| ৯। | জনাব মো: শাহিনুর ইসলাম, ব্যবস্থাপক | বাপেক্স |
| ১০। | জনাব সুলতানা নাজনীন, ব্যবস্থাপক | সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড (এসজিএফএল) |
| ১১। | জনাব কামরুল ইসলাম চৌধুরী, ব্যবস্থাপক | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ১২। | জনাব আমেনা বেগম, ব্যবস্থাপক (প্রশিক্ষণ) | গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড |
| ১৩। | জনাব শুভঙ্কর কুমার সাহা, ব্যবস্থাপক (প্রশিক্ষণ) | বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড |
| ১৪। | জনাব মাহাদী হাসান, উপপরিচালক | হাইড্রোকার্বন ইউনিট |
| ১৫। | জনাব মো: আল আমিন, উপব্যবস্থাপক | তিতাস গ্যাস কোম্পানি লিমিটেড |
| ১৬। | জনাব সাখাওয়াত হোসেন, সহকারী বিস্ফোরক পরিদর্শক | বিস্ফোরক অধিদপ্তর |